

## CDC-এর ব্রিজ অ্যাক্সেস পরিকল্পনা সম্পর্কে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন

বীমাহীন এবং অপরিাপ্ত বীমায়ুক্ত মানুষদের জন্য Covid-19 টিকার অধি কার

### ব্রিজ অ্যাক্সেস পরিকল্পনা কী?

এই পরিকল্পনা সেইসব প্রাপ্তবয়স্কদের (১৮ বা তার বেশি বয়সী) বিনামূল্যে Covid-19 টিকা দেয় যাদের বীমা নেই অথবা যাদের বীমা Covid-19 টিকার সমস্ত খরচ বহন করে না।



### মেসব শিশুদের বীমা নেই বা অপরিাপ্ত বীমা রয়েছে তাদের কী হবে?

১৯ বছর বয়সের নিচে থাকা শিশু, যাদের বীমা নেই বা যারা, রাষ্ট্রীয়ভাবে স্বীকৃত উপজাতি সম্প্রদায়ের অংশ তারা শিশুদের জন্য টিকা [Vaccines for Children (VFC)] পরিকল্পনার আওতায় পড়বে।



### একজন রোগী কীভাবে এই পরিকল্পনায় নাম নথিভুক্ত করবেন?


এই পরিকল্পনার অধীনে বিনামূল্যে Covid-19 টিকা গ্রহণ করার যোগ্য প্রাপ্তবয়স্কদের কোনও নাম নথিভুক্ত করার প্রক্রিয়া নেই।

প্রদানকারীরা রোগীদের যোগ্যতা নির্ধারণ করার জন্য তাদের বীমা আছে কিনা জিজ্ঞেস করবেন।



### কোথায় আমি এই পরিকল্পনার অধীনে বিনামূল্যে Covid-19 টিকা পেতে পারি?

আপনি এই পরিকল্পনায় অংশগ্রহণকারী স্থানীয় স্বাস্থ্যসেবা প্রদানকারী, স্বাস্থ্য কেন্দ্র এবং ওষুধের দোকানে বিনামূল্যে Covid-19 টিকা পেতে পারেন। এদের অবস্থান জানতে [www.vaccines.gov](http://www.vaccines.gov) দেখুন!



### এই পরিকল্পনার আওতায় কতদিন পর্যন্ত বিনামূল্যে Covid-19 টিকা পাওয়া যাবে?

ব্রিজ অ্যাক্সেস পরিকল্পনা বিনামূল্যে ৩১ শে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত Covid-19 টিকা প্রদান করবে।

আরও জানতে [www.CDC.gov/vaccines/programs/bridge](http://www.CDC.gov/vaccines/programs/bridge) দেখুন।

